# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৪৩

১/ বিবিধ

আরবী

أنزل القرآن بالتفخيم كهيئة الطير: " عذرا أونذرا "، و" الصدفين " و" ألا له الخلق والأمر " وأشباه هذا في القرآن
منكر

أخرجه الحاكم (2/231 و2/242) من طريق بكار بن عبد الله: حدثنا محمد بن عبد العزيز بن عمر بن عبد الرحمن بن عوف: حدثني أبو الزناد عن خارجة بن زيد عن زيد بن ثابت عن النبي صلى الله عليه وسلم قال: فذكره وقال: " صحيح الإسناد ورده الذهبي بقوله: " قلت: لا والله، العوفي مجمع على ضعفه، وبكار ليس بعمدة، والحديث واه منكر
قلت: وأخرجه ابن الأنباري في " الإيضاح " (ق 3/1) من طريق عمار بن عبد الملك قال: حدثنا محمد بن عبد العزيز القرشي قاضي المدينة قال: حدثنا أبو الزناد دون قوله: " كهيئة
وهذا القاضي العوفي ضعيف جدا. قال البخاري: " منكر الحديث
وقال النسائي: " متروك
وعمار بن عبد الملك اثنان، والظاهر أنه الذي روى عن بقية، وهو متروك الحديث عند الأزدي. والله أعلم
وممن ضعف الحديث المناوي، فإنه قال بعد أن نقل رد الحافظ الذهبي على الحاكم المتقدم: " وأنت بعد إذ عرفت حاله علمت أن المصنف في سكوته عليه غير مصيب

قلت: ولقد كان موقف السيوطي في " الجامع الكبير " خيرا من ذلك، فإنه قال عقب عزوه للحاكم: " وتعقب
يشير بذلك إلى تعقب الذهبي السابق
ثم إن كلام المناوي المذكور صريح في أن السيوطي لم يرمز له في " الصغير " بشيء، ومع ذلك نرى عقب الحديث في شرح المناوي أنه رمز له بـ (صح) فلا أدري ماذا كان موقف لجنة " الجامع الكبير " هل اعتمدوا على هذا الرمز، أم على تضعيف المناوي إياه مع إشارة السيوطي فيه إلى تضعيفه كما هو المرجو؟ فإن كان كذلك فهل اعتبروا بذاك الرمز المناقض للتضعيف فلا يعتمدون بعد على رموز " الصغير ذلك ما نتمناه لهم. ثم رأيتهم قد حققوا الأمنية (ص 1426) فنصحوا، وعساهم أن يستمروا

বাংলা

১৩৪৩। কুরআনকে মর্যাদা দিয়ে যথাযথভাবে আরবী ভাষার নীতি অনুযায়ী পাঠ করার জন্য নাযিল করা হয়েছে যেমনঃ (كهيئة الطير) (সূরা মায়েদাহঃ ১১০) عذرا أونذرا (সূরা মুরসালাতঃ ৬), الصدفين (সূরা কাহাফঃ ৯৬), ألا له الخلق والأمر (সূরা আরাফঃ ৫৪) এবং কুরআনের মধ্যে এরূপ সাদৃশ্যপূর্ণ বহু কিছু।

হাদিসটি মুনকার।

হাদীসটি হাকিম (২/২৩১, ২/২৪২) বাক্কার ইবনু আবদিল্লাহ সূত্রে মুহাম্মাদ ইবনু আব্দিল আযীয ইবনে উমার ইবনে আবদির রহমান ইবনে আউফ হতে, তিনি আবুয যিনাদ হতে, তিনি খারেজাহ ইবনু যায়েদ হতে, তিনি যায়েদ ইবনু সাবেত (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন তিনি বলেনঃ ...।

হাকিম বলেনঃ সনদটি সহীহ। হাফিয যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ আল্লাহর কসম তা (সহীহ) নয়। কারণ বর্ণনাকার আউফীর দুর্বল হওয়ার ব্যাপারে সকলে একমত। বাক্কারও ভালো নয়। হাদীসটি দুর্বল ও মুনকার।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি ইবনুল আম্বার "আল-ইযাহ" গ্রন্থে (কাফ ১/৩) আম্মার ইবনু আব্দিল মালেক হতে, তিনি মুহাম্মাদ ইবনু আব্দিল আযীয কুরাশী কাযীউল মদীনা হতে, তিনি আবুয যিনাদ হতে ’বিততাফখীমে’ পর্যন্ত বর্ণনা করেছেন।

এ কাযী হচ্ছেন আউকী তিনি খুবই দুর্বল। ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস। নাসাঈ বলেনঃ তিনি

মাতরূক।

আর আম্মার ইবনু আব্দিল মালেক হচ্ছেন দু’জন। বাহ্যিকতা থেকে বুঝা যাচ্ছে যে তিনি বাকীয়্যাহ হতে বর্ণনা করেছেন। তিনি আযদীর নিকট মাতরূকুল হাদীস।

হাদীসটিকে মানবীও দুর্বল আখ্যা দিয়েছেন। কারণ তিনি হাফিয যাহাবী কর্তৃক হাকিমের প্রতিবাদ করার বিষয়টি উল্লেখ করার পর বলেছেনঃ তার অবস্থা জানার পর আপনি অবগত হবেন যে, লেখক হাদীসটি উল্লেখ করে চুপ থেকে ঠিক করেননি।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72222

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন